# অর্থ বিভাগে আবেদনের সাথে দাখিলকৃত প্রয়োজনীয় দলিলপত্র

## সাময়িক মঞ্জুরীর জন্য:

ক) গৃহ নির্মাণ ঋণের প্রাপ্যতা সংক্রান্ত যথাযথ প্রত্যয়ন (Form-1)- এর মূল কপি

খ) Online এ বেতন বিল দাখিল সংক্রান্ত যথাযথ প্রত্যয়ন (Form-2)-এর মূল কপি

গ) ব্যাংক প্রদত্ত ঋণ অনুমোদনপত্রসহ iBAS++ সফটওয়ার অনুসরণপূর্বক প্রস্তুতকৃত সিডিউল-এর মূল কপি

ঘ) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উক্ত দলিলসমূহ অর্থ বিভাগে প্রেরণ।

## চূড়ান্ত মঞ্জুরীর জন্য:

ক) কর্মচারীর ব্যক্তিগত ও ব্যাংক হতে গৃহীত ঋণ সংক্রান্ত তথ্যাবলি (Form-3)-এর মূল কপি

খ) ব্যাংক প্রদত্ত চূড়ান্ত ঋণ অনুমোদনপত্রসহ iBAS++ সফটওয়ার অনুসরণপূর্বক প্রস্তুতকৃত সিডিউল-এর মূল কপি

গ) কিস্তি শুরুর ন্যূনতম ০১ (এক) মাস পূর্বে উক্ত দলিলসমূহ অর্থ বিভাগে প্রেরণ।

** **Form-1, Form-2** এবং **Form-3** অর্থ বিভাগের **Website** (www.mof.gov.bd) এ প্রদর্শিত নমুনা অনুযায়ী হতে হবে।

# ঋণ মঞ্জুরীর শর্তাবলী

(ক) অর্থ বিভাগের সম্মতির পর বাস্তবায়নকারি প্রতিষ্ঠান এবং প্রস্তাবিত ঋণগ্রহীতার মধ্যে সম্পাদিত ঋণ চুক্তির একটি অনুলিপি (ঋণ পরিশোধের তফসিলসহ) এ বিভাগে প্রেরণ করতে হবে। এরূপে প্রস্তুতকৃত তফসিল চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং অর্থ বিভাগের পূর্বসম্মতি ব্যতিত এই তফসিল পরিবর্তন করা যাবে না।

(খ) চূড়ান্ত তফসিল মোতাবেক যে মাস হতে ঋণের কিস্তি পরিশোধ আরম্ভ হবে, তার পূর্ববর্তী মাসের বেতন বিলের সাথে তাঁর অনুকূলে প্রদেয় সুদ ভর্তুকির টাকা প্রদান আরম্ভ হবে।

(গ) সুদ ভর্তুকি বাবদ প্রদেয় অর্থ এ বিভাগের পরিচালন বাজেটের আওতায় "১০৯০১০১১০১৪৩৫-১২০০০০৬০৩-৩৫১২১০৩-সরকারি কর্মচারীদের গৃহ নির্মাণ ঋণের সুদের উপর ভর্তুকি"-কোড হতে পরিশোধ করা হবে।

(ঘ) নীতিমালার ৪(গ) অনুচ্ছেদ অনুসারে প্রস্তাবিত ঋণগ্রহিতার নামীয় ব্যাংক হিসাব নম্বর এর মাধ্যমে ঋণ বিতরণ ও ঋণের মাসিক কিস্তির টাকা আদায়সহ তাঁর বেতন/ভাতা/পেনশন সংক্রান্ত সমুদয় কার্যক্রম পরিচালিত হবে।

(ঙ) প্রস্তাবিত ঋণগ্রহীতাকে এই মর্মে ব্যাংকের নির্ধারিত ফরমে ক্ষমতা প্রদান করতে হবে যে, "তাঁর ব্যাংক হিসাবে জমাকৃত মাসিক বেতন থেকে তফসিলে বর্ণিত ঋণের কিস্তির (আসল+সুদ) সমপরিমাণ টাকা কিস্তি হিসেবে কর্তনের পর অবশিষ্ট অর্থ তিনি উত্তোলন করবেন"।

(চ) ঋণগ্রহীতা ঋণের মেয়াদ পূর্তির তারিখ অথবা অবসর গ্রহণের ক্ষেত্রে পিআরএল সমাপ্তির তারিখ এর মধ্যে যেটি আগে সেই পর্যন্ত সরকার প্রদত্ত সুদ বাবদ ভর্তুকি সুবিধা প্রাপ্য হবেন। অবসর গ্রহণের পর ঋণের কিস্তি অপরিশোধিত থাকলে সুদের হার অপরিবর্তিত রেখে প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অবশিষ্ট ঋণ পুনঃতফশিলীকরণ (Re-schedule) করে নিতে পারবেন।

(ছ) **ঋণগ্রহীতা তাঁর পিআরএল সমাপ্তির পূর্বে ঋণের আসল আংশিক/সম্পূর্ণ পরিশোধ করতে চাইলে অর্থ বিভাগের পূর্বানুমতি আবশ্যিকভাবে গ্রহণ করতে হবে।**

(জ) ঋণগ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/বাধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে তিনি বিষয়টি অনতিবিলম্বে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান এবং অর্থ বিভাগকে অবহিত করবেন ।

(ঝ) ঋণগ্রহীতা লিয়েনে গমন করলে কিংবা স্বেচ্ছায় অবসরে গমন/চাকুরি ত্যাগ করলে অথবা সরকার কর্তৃক তাঁকে সাময়িক বরখাস্ত/চাকুরি হতে বরখাস্ত/ধ্যতামূলক অবসর প্রদান/চাকুরিচ্যুত করা হলে আদেশ জারির তারিখ হতে ঋণের অবশিষ্ট মেয়াদের জন্য সুদ বাবদ প্রদত্ত ভর্তুকি সুবিধা প্রত্যাহার করা হবে।

(ঞ) **কোন কারণবশতঃ Pay Point পরিবর্তন হলে ঋণগ্রহীতা অনতিবিলম্বে বিষয়টি বাস্তবায়নকারী প্রতিষ্ঠান ও অর্থ বিভাগকে অবহিত করবেন এবং এ পরিবর্তনজনিত কারণে কিস্তি প্রদানে জটিলতা দেখা দিলে তা নিরসনে উদ্যোগী হবেন।**

(ট) কোন ঋণগ্রহীতার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু কিংবা ফৌজদারি/দুর্নীতির মামলার ক্ষেত্রে চার্জশীট দাখিল হলে সাথে সাথে বিষয়টি তিনি অর্থ বিভাগ এবং সংশ্লিষ্ট বাস্তবায়নকারী প্রতিষ্ঠানকে অবহিত করবেন।

(ঠ) ঋণ প্রদানের ক্ষেত্রে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান **"সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালা** এবং অর্থ বিভাগের বিগত **২৪/০৬/২০১৯ খ্রিঃ** তারিখে অনুষ্ঠিত সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান সংক্রান্ত বিষয়ে গঠিত **"ওয়ার্কিং কমিটি (Working Committee)"**-এর সভার সিদ্ধান্তসমূহ যথাযথ অনুসরণ করবে।

(ড) এই মঞ্জুরীপত্রে কোন অস্পষ্টতা বা কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত ০৬/০৩/২০১৯ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৪৭ নম্বর পরিপত্রের বিধানাবলী পরিপালনযোগ্য হবে।

বাস্তবায়নকারি প্রতিষ্ঠান এ অনলাইন এ আবেদন করে ট্র্যাকিং নাম্বার গ্রহণ

↓

বাস্তবায়নকারি প্রতিষ্ঠান কর্তৃক সাময়িক ঋণ অনুমোদন

↓

যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাস্তবায়নকারি প্রতিষ্ঠানের সাময়িক ঋণ অনুমোদন পত্র, Repayment Schedule ও অন্যান্য তথ্যাদি, ফরম-১ এবং ফরম-২ সহ ঋণ অনুমোদন ও সুদ ভর্তুকির জন্য অর্থ বিভাগ বরাবর আবেদন

↓

অর্থ বিভাগ কর্তৃক দাখিলকৃত Repayment Schedule ও অন্যান্য তথ্যাদি পরীক্ষাকরণ

↓

Repayment Schedule ও অন্যান্য তথ্যাদি যাচাই অন্তে অর্থ বিভাগ কর্তৃক সুদ ভর্তুকির সাময়িক G.O জারি করে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ এবং অর্থ বিভাগের Website এ প্রচারকরণ।

↓

১। G.O জারির সর্বোচ্চ ৯০ দিনের মধ্যে বাস্তবায়নকারী প্রতিষ্ঠান কর্তৃক ঋণের চূড়ান্ত অনুমোদন ও ঋণ বিতরণ।
২। ঋণ গ্রহিতা কর্তৃক ক্রয়কৃত জমি/ফ্ল্যাট রেজিস্ট্রিকরণ এবং বাস্তবায়নকারী প্রতিষ্ঠান এর নিকট বন্ধক প্রদান।
৩। বাস্তবায়নকারী প্রতিষ্ঠান কর্তৃক অবিলম্বে ঋণের চূড়ান্ত Repayment Schedule প্রণয়নপূর্বক অর্থ বিভাগ ও ঋণ গ্রহিতার নিকট প্রেরণ।

↓

ঋণ গ্রহিতা কর্তৃক চূড়ান্ত Repayment Schedule ও ফরম -৩ সহ সুদ ভর্তুকির চূড়ান্ত আদেশের (G.O.) জন্য অর্থ বিভাগে আবেদন প্রেরণ।

↓

অর্থ বিভাগ কর্তৃক চূড়ান্ত Repayment Schedule পর্যালোচনাপূর্বক সুদ ভর্তুকির চূড়ান্ত আদেশ (G.O.) জারি।

↓

সুদ ভর্তুকির চূড়ান্ত আদেশ (G.O.) অর্থ বিভাগ এর Website এ প্রচার করে G.O. অনুযায়ী সুদ ভর্তুকির অর্থ সংশ্লিষ্ট ঋণ গ্রহিতার বেতন বিলের iBAS++ account -এ এন্ট্রি প্রদান।